

💵 বুলুগুল মারাম

হাদিস নাম্বারঃ ৩৯০

পর্ব - ২ঃ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. নফল সালাত-এর বিবরণ - বিতর (সালাতের) শেষ সময়

আরবী

وَعَنِ ابْنِ عُمَرَ _رَضِيَ اللَّهُ عَنْهُمَا_, عَنِ النَّبِيِّ _ صلى الله عليه وسلم _ قَالَ: «إِذَا طَلَعَ الْفَجْرُ فَقَدْ ذَهَبَ كُلُّ صَلَاةِ اللَّيْلِ وَالْوَتْرُ، فَأَوْتِرُوا قَبْلَ طُلُوعِ الْفَجْرِ». رَوَاهُ التِّرْمِذِيُّ التِّرْمِذِيُّ

ضعيف بهذا اللفظ مرفوعا، رواه الترمذي (469)

বাংলা

৩৯০. ইবনু 'উমার (রাঃ) থেকে বর্ণিত। তিনি নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হতে বর্ণনা করেন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন- ফজর হয়ে গেলে রাতের সালাতের সময় শেষ হয়ে যায়। অতএব তোমরা ফজর উদিত হবার পূর্বেই বিতর সালাত আদায় করবে।[1]

ফুটনোট

[1] তিরমিয়ী ৪৬৯, নাসায়ী ১৬৬৬, ১৬৬৭, আবূ দাউদ ১২৯৫, ১৩২৬, ১৪২১, ইবনু মাজাহ। ১১৭৪ , ১১৭৫, আহমাদ ৪৫৫৭, ৪৮৩২, ৪৮৬৩, মুওয়াত্তা মালেক ২৬৯, ২৭৫, দারেমী ১৪৫৮, ইমাম বুখারী তাঁর ইলালুল কাবীর (২৫৭) গ্রন্থে হাদীসটিকে মুনকার বলেছেন। আহমাদ শাকের ইবনু হাযামের আল মুহাল্লা গ্রন্থের তাহকীকে বলেন, এটি হচ্ছে ইবনু উমার কথা, যারা এটিকে রাসূলের বাণী বানিয়েছেন তারা সন্দেহবশত অথবা ভুল করে এটি করেছেন। ইবনুল কীসরানী তাঁর দাখীরুতুল হুফফায (১/৩৩৫৮) গ্রন্থে বলেন, এর সানাদে সুলাইমান বিন মূসা রয়েছেন যার সম্পর্কে ইমাম বুখারী বলেন, তার হাদীস মুনকার। শাইখ আলবানী যঈফুল জামে (৫৮৪) গ্রন্থে একে দুর্বল বলেছেন। তবে সহীহ তিরমিয়ী (৪৬৯) গ্রন্থে একে সহীহ বলেছেন। ইবনুল কাত্তান তার আল ওয়াহম ওয়াল সহাম (৪/৫৭৫) গ্রন্থে হাদীসটিকে হাসান বলেছেন।



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন